

মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ অনুযায়ী গত ১৩ মে, ২০১৯ তারিখ সোমবার সকাল ৯.০০টা হতে বিকাল ৩.৩০টা পর্যন্ত বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) অডিটরিয়াম, ৩৪ তোপখানা রোড, ঢাকায় আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সমন্বয়ে ১টি ইনোভেশন শোকেসিং অনুষ্ঠিত হয়। উক্ত ইনোভেশন শোকেসিং-এ এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বর্ণিত ইনোভেশন শোকেসিং-এ উপস্থাপনের নিমিত্ত মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি কর্তৃক বাছাইকৃত ২টি ধারণা প্রদর্শন করা হয়। ধারণা দুটি হলঃ সকল ধরণের পেমেন্ট অনলাইনের মাধ্যমে গ্রহণ করা এবং অনলাইনে অডিট রিপোর্ট গ্রহণ ও বিশ্লেষণ। উক্ত ধারণা দুটি উপস্থাপন করেন অথরিটির উপ-পরিচালক জনাব মোহাম্মদ আব্দুল মান্নান ও এম-এফ সিআইবি প্রকল্পের সিস্টেম সুপারভাইজার জনাব সাহিদুল হাসান।



